# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**10 FEBRUARY 2025 7:45—7:55**

---

(১) চলতি বর্ষের পয়লা জানুয়ারিকে ভিত্তি হিসেবে নিয়ে আজ রাজ্যের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত/ বিশেষ সংশোধনের পর বরাক উপত্যকার তিন জেলার এক লক্ষ ৫ হাজার ৬৪৭ জন ভোটারের নাম চূড়ান্ত ভোটার তালিকা থেকে কর্তন/

(২) রাজ্যের এক হাজার ৪৬টি পরীক্ষাকেন্দ্রে আজ থেকে মাধ্যমিক পরীক্ষা আরম্ভ/ রাজ্যের ৮২১টি পরীক্ষা কেন্দ্রে আগামীকাল উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরু/

(৩) মণিপুরের ইম্ফাল থেকে গুয়াহাটি-কোলকাতা এবং মুম্বাই পর্যন্ত স্পাইস জেট'এর সরাসরি বিমান সেবা আজ আরম্ভ/

এবং

(৪) উত্তর-পূর্বাঞ্চলের পর্যটনের বিকাশ, প্রচার ও প্রসারের উদ্দেশ্য নিয়ে উত্তর-পূর্ব ভারতীয় পর্যটন সংঘের জাতীয় পর্যটন সম্মেলনের আয়োজন/

---

চলতি বছরের পয়লা জানুয়ারিকে ভিত্তি হিসেবে নিয়ে আজ আসামের চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে । এই বিশেষ সংশোধিত ভোটার তালিকা অনুসারে রাজ্যে মোট ভোটদাতার সংখ্যা হচ্ছে - দুই কোটি ৪৯ লক্ষ ৯৮ হাজার ১৩৯। সেই অনুযায়ী রাজ্যে ভোটদাতার সংখ্যা খসড়া ভোটার তালিকা থেকে দুই লক্ষ ৪৩ হাজার ৪৮৫ হ্রাস পেয়েছে । চূড়ান্ত ভোটার তালিকা অনুসারে রাজ্যে মোট এক কোটি ২৪ লক্ষ ৮২ হাজার ২১৩ জন পুরুষ ভোটদাতা রয়েছেন । এছাড়া রাজ্যে মহিলা ভোটদাতার সংখ্যা

হচ্ছে- এক কোটি ২৪ লক্ষ ৭৫ হাজার ৫৮৩ । এবং তৃতীয় লিঙ্গের ৩৪৩ জন ভোটদাতা রয়েছেন ।

উল্লেখ্য- নির্বাচন কমিশনের নির্দেশ অনুসারে গত ২২শে নভেম্বর থেকে বিশে ডিসেম্বর পর্যন্ত সমগ্র রাজ্যে ভোটার তালিকার বিশেষ সংশোধনী সম্পন্ন হয়েছে । এবং গত বাইশে ডিসেম্বর খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে । গত ২৭শে ডিসেম্বর থেকে ২২শে জানুয়ারি পর্যন্ত ভোটার তালিকা সম্পর্কিত দাবি ও আপত্তি সমূহ গ্রহণ করা হয় ।

এদিকে রাজ্য নির্বাচন বিভাগের সূত্র অনুযায়ী আজ প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকা সম্পর্কিত যেকোনো দাবি ও আপত্তি আগামী ১৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেটের কাছে দাখিল করা যাবে । এই প্রক্রিয়ায় সন্তুষ্ট না হলে যেকোনো আবেদন রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিকের কাছে দাখিল করা যাবে । আসামের সবকটি জেলার আয়ুক্তগণ সংশ্লিষ্ট জেলাসমূহের জন্যে চূড়ান্ত ভোটার তালিকা আজ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেছেন ।

কাছাড় জেলায় আজ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করে জেলা নির্বাচন আধিকারিক আয়ুষ গর্গ এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন যে- এই জেলার সাতটি বিধানসভা এলাকা নিয়ে মোট ভোটদাতার সংখ্যা হচ্ছে- ১৩ লক্ষ ৮১ হাজার ৯০৩ । এরমধ্যে ৬ লক্ষ ৯১ হাজার ৬০৭ জন পুরুষ এবং ৬ লক্ষ ৯০ হাজার ২৮৩ জন মহিলা । এছাড়া তৃতীয় লিঙ্গের ভোটদাতার সংখ্যা হচ্ছে- ১৩ । বিশেষ সংশোধনের পর আজ প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকায় ৩৩ হাজার ৫৩৬ জনের নাম কর্তন করা হয়েছে ।

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা কেন্দ্র নিয়ে মোট ভোটদাতার সংখ্যা হচ্ছে- ৯ লক্ষ ৪০ হাজার ৬৪৯ । এরমধ্যে ৪ লক্ষ ৮২ হাজার ৪৩৬ জন পুরুষ, ৪ লক্ষ ৫৮ হাজার ২০১ জন মহিলা এবং বারোজন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । জেলার নির্বাচন আধিকারিক প্রদীপ কুমার দ্বিবেদী এক সাংবাদিক সম্মেলনে এই তালিকা প্রকাশ করে আরো জানিয়েছেন যে- এই বিশেষ স্যাশোধনী প্রক্রিয়ায় এবছর ছয় নম্বর ফর্মের আবেদনের মাধ্যমে ১৯ হাজার ৯৬১ জন নতুন ভোটারের নাম তালিকায় সন্নিবিষ্ট করা হয়েছে । পাশাপাশি সাত নম্বর ফর্মের আবেদনের মাধ্যমে মৃত ভোটার, দুটি স্থানে নাম

থাকা ভোটারদের নাম কর্তনের আবেদন জানানো ইত্যাদির পরিপ্রেক্ষিতে ৫৪ হাজার ৩৯৭ জন ভোটারের নাম তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে ।

হাইলাকান্দি জেলায় আজ প্রকাশিত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী মোট ভোটারের সংখ্যা হচ্ছে- চার লক্ষ ৯৬ হাজার ৯৬২ জন । এরমধ্যে দুই লক্ষ ৫৭ হাজার ৬৬১ জন পুরুষ, দুই লক্ষ ৩৯ হাজার ২৯৯ জন মহিলা এবং দুইজন তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন । জেলার দুটি বিধানসভা কেন্দ্র- হাইলাকান্দি ও আলগাপুর-কাটলিছড়া নিয়ে তৈরি এই চূড়ান্ত ভোটার তালিকা আজ আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেছেন জেলা নির্বাচন আধিকারিক অভিষেক জৈন । চূড়ান্ত ভোটার তালিকায় ১৭ হাজার ৭১৪ জনের নাম বাদ পড়েছে ।

-------------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যে আগামীকাল থেকে উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষায় কলা ,বাণিজ্য ,বিজ্ঞান ও বৃত্তিমুখী শাখার পরীক্ষা অনুষ্ঠিত হবে । উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার সবকটি শাখায় মোট তিন লক্ষ ৩০ হাজার ৭৪৪ জন পরীক্ষার্থী অবতীর্ণ হবে । রাজ্যের ৮২১ টি পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠেয় এই পরীক্ষায় কলা শাখায় ২ লক্ষ ৪৭ হাজার ৮৬৫ জন পরীক্ষার্থী , বিজ্ঞান শাখায় ৬১ হাজার ৫৬৮ জন পরীক্ষার্থী এবং বাণিজ্য শাখায় মোট ১৯ হাজার ৮০৬ জন পরীক্ষার্থী  অবতীর্ণ হবে । একইভাবে বৃত্তিমুখী শাখায় এক হাজার ৫০৫ জন পরীক্ষার্থী পরীক্ষায় অবতীর্ণ হবে । পরীক্ষার শেষে রাজ্যের মোট ৪৮ টি মূল্যায়ন কেন্দ্রে উত্তরপত্রগুলি মূল্যায়ন করা হবে ।

এই পরীক্ষার পরিপ্রেক্ষিতে বিভিন্ন জেলা প্রশাসন বেশকিছু নীতি নির্দেশনা জারী করেছে । সে অনুসারে যেকোনো ধরণের অনুষ্ঠানে মাইক জাতীয় উচ্চ প্রাবল্যের শব্দ যন্ত্র ব্যাবহার না করে অনুষ্ঠানের আয়োজন করতে এবং পরীক্ষার্থীদের সহায়তা করতে জনসাধারণের প্রতি আহ্বান জানানো হয়েছে ।

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় অবতীর্ণ পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়েছেন ।

বরাক উপত্যকার তিন জেলা কাছাড়,শ্রীভুমি ও হাইলাকান্দিতেও আগামীকাল থেকে উচ্চ মাধ্যমিক চূড়ান্ত বর্ষের পরীক্ষায় কলা ,বাণিজ্য ,বিজ্ঞান ও বৃত্তিমুখী শাখার পরীক্ষা আরম্ভ হবে ।

-------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষায় ১১ হাজার ৫শ ৪২ জন পরীক্ষার্থী অবতীর্ণ হবে । এরমধ্যে চার হাজার ৭শ ২৬ জন ছাত্র  এবং ৬ হাজার ৮শ ১৬ জন

ছাত্রী । জেলাজুড়ে মোট ২০টি পরীক্ষা কেন্দ্র রয়েছে । এবং ২০ জন সেন্টার সুপার ভাইজার নিয়োগ করা হয়েছে । জেলা শিক্ষা বিভাগের পক্ষ থেকে প্রতিটি পরীক্ষা কেন্দ্রে কঠোর নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে । পরীক্ষা চলাকালীন সময়ে সাইবার সেলের তীক্ষ্ণ নজরদারীও থাকবে । রাজ্যের শিক্ষা বিভাগের নতুন নির্দেশনা অনুযায়ী পরীক্ষার ডিউটিতে বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকদের সম্পূর্নভাবে নিষিদ্ধ করা হয়েছে ।

এদিকে কাছাড় ও হাইলাকান্দি জেলায়ও আগামীকাল থেকে শুরু হতে যাওয়া উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অর্ন্তগত রাজ্যের এক হাজার ৪৬টি পরীক্ষা কেন্দ্রে আজ মাধ্যমিক পরীক্ষা আরম্ভ হয়েছে । এরমধ্যে এক লক্ষ ৯০ হাজার দুশো ৪৩ জন ছাত্র এবং দুই লক্ষ ৪৮ হাজার ৩২২ জন ছাত্রী । সর্বমোট চার লক্ষ ৩৮ হাজার ৫৬৫ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অবতীর্ণ হয়েছে । আজ সকাল ন'টায় প্রথম দিনের পরীক্ষা আরম্ভ হয় । এবারের মাধ্যমিক পরীক্ষার প্র্যাক্টিক্যাল পরীক্ষা সমূহ ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে । এই পরীক্ষা আগামী ২৭শে ফেব্রুয়ারি শেষ হবে । এইবারের প্রশ্নপত্রের ক্ষেত্রে পর্ষদের পক্ষ থেকে কিছু নতুন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । বিগত বছরগুলির মতো এবারও বেশকয়েকটি ভাষায় পরীক্ষার্থীরা পরীক্ষা দিতে পারবে । তবে এইবার একই প্রশ্নপত্রে না দিয়ে ইংরেজী, বাংলা, অসমীয়া, হিন্দি, এবং বড়ো মাধ্যমের প্রশ্নপত্র পৃথক পৃথকভাবে ছাপা হয়েছে । সমগ্র রাজ্যে আজ সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আয়োজিত মাধ্যমিক পরীক্ষা আরম্ভ হয়েছে । তিনজেলার পরীক্ষাকেন্দ্রগুলিতে আজ সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পন্ন হয়েছে বলে জানা গেছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায়ও আজ থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে । এবছর নবগঠিত অসম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ প্রথমবারের মতো মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা পরিচালনা করছে । কাছাড় জেলায় এবছর মোট ৪৮টি কেন্দ্রে ২৬ হাজার তিনশ ৬৮ জন পরীক্ষার্থী রয়েছে । এরমধ্যে ১১ হাজার তিনশ ৬৮ জন ছাত্র এবং ১৫ হাজার ১৭ জন ছাত্রী রয়েছে । শিক্ষা বিভাগের সূত্রে জানানো হয়েছে যে এবছর মাধ্যমিক পরীক্ষায় চারটি কেন্দ্র বাড়ানো হয়েছে । এই নতুন চারটি পরীক্ষা কেন্দ্র হচ্ছে- চেংকুড়ি

বাগান হাইস্কুল , হাতীছড়া মডেল টি গার্ডেন স্কুল , গংগানগরের নিকামা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং বিক্রমপুরের গোলকনাথ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ।

------------------------------------------------------------------------------------------------

এদিকে শ্রীভূমি জেলায়ও আজ থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হয়েছে । জেলায় এবছর মোট ৩৭টি পরীক্ষা কেন্দ্রে ১৮ হাজার ২৮ জন পরীক্ষার্থী মাধ্যমিক পরীক্ষায় বসছে । জেলা প্রশাসন ও শিক্ষা বিভাগের পক্ষ থেকে পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করার জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে । জেলার প্রতিটি পরীক্ষা কেন্দ্রে শান্তি-শৃংখলা বজায় রাখতে নজরদারী ব্যবস্থা জোরদার করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আজ শান্তিপূর্নভাবে মাধ্যমিক পরীক্ষার প্রথম দিনের পরীক্ষা সম্পন্ন হয়েছে । প্রশাসনিক সূত্রে জানানো হয়েছে যে পরীক্ষা চলাকালীন সময়ে নিয়ম ভঙ্গে অভিযোগে একজন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে । এছাড়া আজ মোট ২২০ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল । হাইলাকান্দি জেলায় চলতি বছরে ১০ হাজার ৪শ ৯ জন পরীক্ষার্থী রয়েছে । জেলাজুড়ে ২২টি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে ।

------------------------------------------------------------------------------------------------

মণিপুরের ইম্ফাল থেকে গৌহাটী -কোলকাতা ও মুম্বই পর্যন্ত আজ  স্পাইস জেটের সরাসরি বিমান সেবা আরম্ভ হয়েছে । রাজ্যের মূখ্যমন্ত্রী যুমনাম খেমচাং সিং আজ ইম্ফালের বীর টিকেন্দ্রজিৎ আর্ন্তজাতিক বিমানবন্দরে এই সেবার সূচনা করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে শ্রী সিং বলেন যে রাজ্যের প্রতিকূল সময়ে যাতায়াতের ক্ষেত্রে বিমান সেবা গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে পরিগনিত হয়েছে । এই সেবা আরম্ভ করার জন্য তিনি স্পাইস জেট বিমান সেবা কোম্পানীকে ধন্যবাদ জ্ঞাপন করে বিমানের ভাড়া হ্রাস করার বিষয়টি বিবেচনা করার আহ্বান জানান ।

------------------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্বাঞ্চলের পর্যটনের উন্নয়ন ও অঞ্চলটির পর্যটনের সম্ভাবনা দেশে বিদেশে প্রচার ও প্রসারের উদ্দেশ্যে উত্তর-পূর্ব ভারতীয় পর্যটন সংঘ আগামী ১৩ মার্চ থেকে ১৮ মার্চ পর্যন্ত জাতীয় পর্যটন সম্মেলনের আয়োজন করেছে । উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্যের সাংস্কৃতিক ঐতিহ্য ,প্রাকৃতিক সৌন্দর্য্য ও  পর্যটনের সম্ভাবনা বিশ্বের সম্মুখে তুলে ধরতে এই কার্যসূচী গ্রহণ করা হয়েছে । সম্মেলনের অংশ হিসেবে আয়োজিত অনুষ্ঠানে উত্তর-পূর্বাঞ্চলের সবকটি রাজ্যের পর্যটন খন্ডের অংশীদার , সরকারী প্রতিনিধি এবং শিল্প খন্ডের প্রতিনিধিরা অংশগ্রহণ করবেন । ছয়দিনের কার্যসূচীতে মত বিনিময় অনুষ্ঠান ,নেটওয়ার্কিং সম্মেলন , পর্যটনস্থল প্রদর্শন এবং উত্তর-পূর্বাঞ্চলের বৈচিত্রময়

তথা অতুলনীয় পর্যটন অভিজ্ঞতার জন্য ক্ষেত্রভিত্তিক ভ্রমণের ব্যাবস্থা থাকবে বলে জানানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------